দৈনিক জনকণ্ঠ

তারিখ ... 12 JUN 2016 ...
পৃষ্ঠা ... কলাম ...

## ক্যাম্পাস পরিচিতি



*স্কুলে অনুষ্ঠিত বিজ্ঞান মেলায় অংশগ্রহণ করেছে শিক্ষার্থীরা*

# সেন্ট জুডস ইন্টারন্যাশনাল স্কুল

বিগত কয়েক বছর ধরে বাংলাদেশের শিক্ষাব্যবস্থায় নানা পরিবর্তন এসেছে। দেশে এখন ইংরেজী মাধ্যমের স্কুলের সংখ্যা বাড়ছে। স্কুলগুলো ব্রিটিশ কাউন্সিলের আওতায় লন্ডনের ক্যামব্রিজ অথবা এডেক্সেল বোর্ডের কারিকুলাম অনুসরণ করছে। দেশে উন্নতমানের ইংলিশ মাধ্যম স্কুলের সংখ্যা হাতেগোনা। দেশে যে কয়েকটি ভিন্ন ধারার ইংলিশ মিডিয়াম স্কুল রয়েছে তার মধ্যে সেন্ট জুডস ইন্টারন্যাশনাল স্কুল অন্যতম।

১৯৭৯ সালে সেন্ট জুডস ইন্টারন্যাশনাল স্কুল প্রতিষ্ঠিত হয়। স্কুলটি এ্যাডক্সেল বোর্ডের কারিকুলাম অনুসরণ করে। স্কুলের প্রিন্সিপাল হিসেবে দায়িত্ব পালন করছেন ড. অগাস্টিন ক্রুজ। জানা যায়, স্কুলটি প্রতিষ্ঠার প্রধান উদ্দেশ্য যুক্তিসঙ্গত খরচে বাংলাদেশী শিক্ষার্থীদের আন্তর্জাতিক মানের শিক্ষাদান। এ স্কুলের শিক্ষা পদ্ধতি প্রচলিত ধারা থেকে কিছুটা ব্যতিক্রম। স্কুলের অন্যতম একটি বৈশিষ্ট্য হলো আইটি বা তথ্যপ্রযুক্তি বিষয়ের ওপর বিশেষ গুরুত্ব আরোপ। বর্তমান সময়ে সারাবিশ্বেই তথ্যপ্রযুক্তি বিষয়ক শিক্ষাকে গুরুত্ব দিয়ে বিবেচনা করা হচ্ছে। সেন্ট জুডস স্কুলও সেই গুরুত্ব অনুধাবন করেই এখানকার শিক্ষার্থীদের তথ্যপ্রযুক্তিতে দক্ষ করে তোলার কার্যক্রম গ্রহণ করছে। এ জন্য স্কুলে রয়েছে আধুনিক কম্পিউটার ল্যাব। এখানকার প্রতিটি শিক্ষার্থীর জন্যই কম্পিউটার শিক্ষা আবশ্যক এবং আইটি ক্লাস বাধ্যতামূলক।

বিশেষ বৈশিষ্ট্য : ১. ড. অগাস্টিন ক্রুজের নেতৃত্বে দক্ষ ও অভিজ্ঞ শিক্ষকমণ্ডলী দ্বারা পরিচালিত হচ্ছে স্কুলটি। ২. ইংরেজীর পাশাপাশি বাংলা ভাষাকে সমান গুরুত্ব দেয়া হয়। ৩. এ্যাডক্সেল, লন্ডনের কারিকুলাম অনুসরণ করা হয়। ৪. রয়েছে অত্যাধুনিক লাইব্রেরী ও বিজ্ঞানাগার। ৫. শিক্ষার্থীদের জন্য রয়েছে যাতায়াতের সুব্যবস্থা। ৬. এছাড়াও রয়েছে শিক্ষার্থীদের কাফেটারিয়া প্রভৃতি।

ভর্তি প্রক্রিয়া : শিক্ষার্থীদের ভর্তির জন্য যা যা প্রয়োজন– ১. জন্ম সনদ ২. দুই কপি পাসপোর্ট সাইজ ছবি ৩. সর্বশেষ রেজাল্ট কার্ড। সেশন : জুলাই থেকে জুন।

যোগাযোগ : সেন্ট জুডস ইন্টারন্যাশনাল স্কুল। হাউস : ৩৫২/বি (পুরাতন), ২১/বি (নতুন), রোড : ২৭ (পুরাতন), ১৬ (নতুন)। ধানমণ্ডি, ঢাকা-১২০৯। ফোন : ০১৯৭৭৮৫৮৩৩৭। web: www.sjisbd.com

মাঈন উদ্দিন